

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd



স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০১৫.২০-৫২৬

তারিখঃ ০৭/০১/২০২১ খ্রি:

অফিস আদেশ


জনাব মুকুল সেখ, পিতাঃ মৃত হেলাল উদ্দীন সেখ, গ্রামঃ জুজখোল, পোঃ জুজখোল, উপজেলাঃ পিরোজপুর সদর, জেলাঃ পিরোজপুর বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচিভূক্ত বাগেরহাট জেলার ফকিরহাট উপজেলায় মাঠ সংগঠক হিসেবে কর্মরত ছিলেন।

২। জনাব মুকুল সেখ, মাঠ সংগঠক, ফকিরহাট, বাগেরহাট তাঁর দায়িত্বাধীন সমিতিসমূহের সুফলভোগী সদস্য হতে আদায়কৃত সঞ্চয় বাবদ ৩৪১৩৮.০০ টাকা ও ঋণ বাবদ ৪৫৬১৭১.০০ টাকাসহ সর্বমোট ৪৯০৩০৯.০০ টাকা হস্তমজুদ/আত্মসাৎ করেছেন এবং এ বিষয়টি তিনি নিজে স্বীকার করেছেন। উল্লেখ্য, হস্তমজুদ/আত্মসাতকৃত ১১৬১৮৭.০০ টাকা অদ্যাবধি অনাদায়ী রয়েছে।

৩। উল্লেখ্য, জনাব মুকুল সেখ, মাঠ সংগঠক, ফকিরহাট, বাগেরহাট কর্তৃক দায়িত্ব-কর্তব্য পালনে অবহেলা, কর্তৃপক্ষের সাথে অসদাচারণ ও সমিতিতে নিয়মিত পরিদর্শন না করায় ফকিরহাট, বাগেরহাট এর স্মারক নং ৪৭.৬২.০১৩৪.২১৭.২৯.০০৯.১২-৩৮ তারিখঃ ১৬.০৭.১৯ খ্রিঃ এবং স্মারক নং ৪৭.৬২.০১৩৪.২১৭.০২.০১৭.১২-৫৬ তারিখঃ ১২.১২.১৯ খ্রিঃ মূলে ব্যাখ্যা তলব করা হয়; তিনি জবাব প্রদান করেন নি। পরবর্তীতে আবারও অফিস শৃঙ্খলা ভঙ্গ, অসদাচারণ, কর্তব্য কর্মে চরম অবহেলা ও অর্থ আত্মসাতের জন্য ফকিরহাট, বাগেরহাট এর স্মারক নং ২৯ তারিখঃ ২৩.১২.২০ খ্রিঃ মূলে ব্যাখ্যা তলব করা হলেও তিনি কোন জবাব প্রদান করেননি। তিনি ব্যাখ্যা তলবের জবাব প্রদান না করায় ও কর্মসূচি পরিচালকের সভাপতিত্বে পূর্ব নির্ধারিত তারিখে জুম অ্যাপের মাধ্যমে অনুষ্ঠিত সভায় অংশগ্রহণ না করায় স্মারক নং ৫৮ তারিখঃ ২৯/১২/২০ খ্রিঃ তারিখে পুনরায় ব্যাখ্যা তলব করা হয়। তিনি জবাব প্রদান না করে কর্মস্থল ত্যাগ করেছেন এবং অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।

৪। এমতাবস্থায়, জনাব মুকুল সেখ, মাঠ সংগঠক, ফকিরহাট, বাগেরহাট কর্তৃক সুফলভোগী হতে আদায়কৃত সঞ্চয় বাবদ ৩৪১৩৮.০০ টাকা ও ঋণ বাবদ ৪৫৬১৭১.০০ টাকাসহ সর্বমোট ৪৯০৩০৯.০০ টাকা হস্তমজুদ/আত্মসাৎ করাসহ অর্থ আত্মসাতের বিষয়টি স্বীকার করায় তাঁকে কর্মসূচিতে জনবল স্থানান্তর আদেশের ২(ঘ) অনুযায়ী কোন কারণ দর্শানো ব্যতীরেকে কর্মসূচির চুক্তিভিত্তিক নিয়োগ হতে বরখাস্ত করা হলো। এছাড়া হস্তমজুদ/আত্মসাতকৃত অর্থের মধ্যে অদ্যাবধি সরকারী পাওনা ১১৬১৮৭.০০ টাকা আগামী ২৮/০২/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হলো। অন্যথায়, তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ইরেসপো

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০১৫.২০- ২৫


তারিখঃ ০৭/০১/২০২১ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নহে):

১. জনাব মুকুল সেখ, মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, ফকিরহাট, বাগেরহাট খুলনা (বরখাস্তপ্রাপ্ত)।
স্থায়ী ঠিকানাঃ পিতাঃ মৃত হেলাল উদ্দীন সেখ, গ্রামঃ জুজখোল, পোঃ জুজখোল, উপজেলাঃ সদর, জেলাঃ পিরোজপুর
২. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ বাগেরহাট। (সামগ্রিক বিষয় তদারকির অনুরোধ করা হলো।)
৩. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ ফকিরহাট, জেলাঃ বাগেরহাট।
(বর্ণিত মাঠ সংগঠক আগামী ২৮/০২/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে হস্তমজুদ/আত্মসাতকৃত সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ এবং এ বাবদ দায়মুক্ত তহবিল হতে ব্যয় নির্বাহের জন্য নির্দেশনা প্রদান করা হলো।
উল্লেখ্য, প্রয়োজনে সদর দপ্তর হতে এ খাতে অর্থ বরাদ্দ প্রদান করা হবে।)
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ ফকিরহাট, জেলাঃ বাগেরহাট।
৭. অফিস কপি/ গার্ড ফাইল।

সদয় অবগতির জন্য :

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ইরেসপো